# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

(২৮) মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর রাসূল- এ কথার সাক্ষ্য দেয়ার দলীল কি?

মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর রাসূল। এ কথার সাক্ষ্য দেয়ার পক্ষে অনেক দলীল বিদ্যমান। আল্লাহ তা’আলা বলেনঃ

لَقَدْ مَنَّ اللَّهُ عَلَى الْمُؤْمِنِينَ إِذْ بَعَثَ فِيهِمْ رَسُولاً مِنْ أَنْفُسِهِمْ يَتْلُوا عَلَيْهِمْ آيَاتِهِ وَيُزَكِّيهِمْ وَيُعَلِّمُهُمْ الْكِتَابَ وَالْحِكْمَةَ

“আল্লাহ মু’মিনদের উপর অনুগ্রহ করেছেন যে, তাদের মাঝে তাদের নিজেদের থেকে একজন রাসূল পাঠিয়েছেন। তিনি তাদের জন্য তাঁর আয়াতসমূহ পাঠ করেন। তাদেরকে পরিশুদ্ধ করেন এবং আল্লাহর কিতাব ও হিকমত (জ্ঞান) শিক্ষা দেন। (সূরা আল-ইমরানঃ ১৬৪) আল্লাহ্ তাআলা বলেনঃ

لَقَدْ جَاءَكُمْ رَسُولٌ مِنْ أَنفُسِكُمْ عَزِيزٌ عَلَيْهِ مَا عَنِتُّمْ حَرِيصٌ عَلَيْكُمْ بِالْمُؤْمِنِينَ رَءُوفٌ رَحِيمٌ

“তোমাদের কাছে এসেছে তোমাদের মধ্য থেকেই একজন রাসূল। তোমাদের দুঃখ কষ্ট তাঁর পক্ষে দুঃসহ। তিনি তোমাদের মঙ্গলকামী। মুমিনদের প্রতি স্নেহশীল, দয়াময়”। (সূরা তাওবাঃ ১২৮) আল্লাহ্ তা’আলা বলেনঃ

وَاللَّهُ يَعْلَمُ إِنَّكَ لَرَسُولُهُ

“আল্লাহ অবগত আছেন যে, নিশ্চয়ই আপনি তাঁর রাসূল”। (সূরা মুনাফিকুনঃ ১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2046

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন